

৩০ নভেম্বর, ২০২০

প্রতি

বার্তা সম্পাদক/ হেড অব নিউজ

পিন্ট এন্ড ইলেক্ট্রনিক মিডিয়াসমূহ

জনাব

মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) এর পক্ষ থেকে নিম্নোক্ত প্রেস বিজ্ঞপ্তি আপনার সংবাদ মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদসহ

সুলতানা কামাল

ফাউন্ডার প্রেসিডেন্ট

মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ)

EC Members

Advocate Sultana Kamal
Founder President

Advocate Saidur Rahman
Secretary

Advocate Sanaiyya Faheem
Ansari
Treasurer

Advocate Dalia Afroz
EC Member

Advocate Tamvia Roselin
Sultana
EC Member

Advocate Sadia Tasneem
EC Member

Advocate Toufiq Al Mannan
EC Member

Sayed Ahmed
EC Member

নারী ও শিশুর প্রতি সহিংসতার ঘটনা অব্যহতভাবে বেড়ে যাওয়ায়

মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) এর গভীর ক্ষোভ ও উদ্বেগ প্রকাশ

বিভিন্ন পরিসংখ্যান অনুযায়ী করোনা-দুর্যোগের মধ্যেও ধর্ষণসহ নারী ও শিশুদের উপর সহিংসতা অত্যধিক উচ্চ হারে অব্যাহত থাকায় মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) গভীর ক্ষোভ ও উদ্বেগ প্রকাশ করছে।

নভেম্বর, ২০২০ মাসে দেশে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত ও এমএসএফ কর্তৃক সংগৃহীত তথ্য অনুযায়ী করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের সময়ে নারী ও শিশু নির্যাতন যেমন; ধর্ষণ, পারিবারিক সহিংসতা ও হত্যার ঘটনাগুলি বিগত মাসগুলোর মতই ঘটে চলেছে যা উদ্বেগজনক। এমএসএফ কর্তৃক সংগৃহীত তথ্য অনুযায়ী নভেম্বর, ২০২০ মাসে ২১৬টি নারী ও শিশু নির্যাতনের ঘটনা সংঘটিত হয়েছে যার মধ্যে ধর্ষণের ঘটনা ১২৩টি, যদিও অক্টোবর, ২০২০ এর সংখ্যা ছিল ১৬৭। দলবেঁধে ধর্ষণ ১৯টি, ধর্ষণের চেষ্টা ১৭টি, ধর্ষণ ও হত্যা ৩টি, যৌন হয়রানি ৯টি ও শারীরিক নির্যাতনের ২৮টি ঘটনা ঘটেছে। অপহরণের শিকার হয়েছে ৮জন শিশু-কিশোরী। ৪জন শিশু নিখোঁজ হয়েছে। ২জন শিশু বাল্যবিবাহের শিকার হয়েছে। এসিড নিক্ষেপে আক্রান্ত হয়েছে ৩জন নারী ও কিশোরী। বিগত অল্প সময়ে চারজন নবজাত শিশুকে বিভিন্ন স্থানে পরিত্যক্ত অবস্থায় পাওয়া গেছে। এর মাঝে দুইটি শিশুকে মৃত অবস্থায় পাওয়া যায়।

ধর্ষণের শিকার ১২৩টি ঘটনায় ১৪ বছরের নিচের শিশু ধর্ষিত হয়েছে ৮৪জন যাদের মধ্যে রয়েছে ৯জন প্রতিবন্ধী। ধর্ষণের চেষ্টার শিকার ১৭জন যার মধ্যে ২জন প্রতিবন্ধীসহ ১১জন শিশু। দলবেঁধে ধর্ষণের শিকার হয়েছে ১৯জন নারী। ধর্ষণ ও হত্যার শিকার হয়েছেন ৩জন নারী। ৭জন শিশুসহ ৯জন নারী যৌন হয়রানীর শিকার হয়েছেন। ৭জন শিশু ছাড়াও ২১জন নারী পারিবারিক কলহ ও যৌতুক এর কারণে শারীরিকভাবে নির্যাতিত হয়েছে। অপরদিকে এ সময়ে ৪৬জন নারী ও শিশু হত্যাকাণ্ডের শিকার হয়েছে, যার মধ্যে ১১জন শিশু ও ৩৫জন নারী।

দেশব্যাপি ধর্ষণ, শিশু ও নারীদের প্রতি সহিংসতা, নির্যাতন, শ্লীলতাহানি, যৌন হয়রানি ও নিপীড়নের ঘটনা যে হারে দেখা ঘটে চলেছে তাতে করে সামাজিক সুরক্ষা, রাষ্ট্রের দায়দায়িত্ব ও ব্যক্তিগত নিরাপত্তার বিষয়টি ক্রমাগত প্রশ্নবিদ্ধ হচ্ছে। সাম্প্রতিক সময়ে ধর্ষণের শাস্তি নিশ্চিত করার প্রতিবাদে আন্দোলন হয়েছে। এরই প্রেক্ষিতে সরকার আইন সংশোধন করে ধর্ষণের শাস্তি যাবজ্জীবনের পরিবর্তন এনে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান করেছেন। ন্যায় বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে আইনের সংস্কার অপরিহার্য, তবে শাস্তি বৃদ্ধি ক'রে নয় বরং মানবাধিকারের নীতির সাথে সামঞ্জস্য রেখে বিদ্যমান আইনের অধীনেই যৌক্তিক সময়ের মধ্যে ন্যায়বিচার নিশ্চিত ক'রে এধরনের অপরাধ কমানো সম্ভব বিচার ব্যবস্থার দীর্ঘসূত্রতার কারণে এবং অধিকাংশ ক্ষেত্রে অভিযুক্ত আইনের উর্ধ্ব থাকায় নির্যাতনের শিকার নারী বিচারের আশা ছেড়ে দেন এবং আসামির শাস্তি নিশ্চিত করা সম্ভব হয় না। এ বিষয়ে দীর্ঘদিনের গবেষণা এবং ভুক্তভোগীদের অভিজ্ঞতা থেকে বলা যায় বিচারহীনতার কারণে নারী ও শিশু নির্যাতন মামলার আসামিরা ছাড়া পেয়ে যায়।

মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) মনে করে, শিশু ও নারীদের জন্য নিরাপদ ও নির্বিঘ্নে জীবন যাপন ও চলাফেরার মত সহায়ক উপযোগী পরিবেশ নিশ্চিত করতে না পারা রাষ্ট্রের দুর্বলতা। এমএসএফ সমাজে ধর্ষণ ও শিশু ও নারীদের প্রতি যে কোন ধরনের সহিংসতারোধে বিচার প্রক্রিয়ার নানা ফাঁকফোকরগুলো চিহ্নিত করে তা সংস্কারের মাধ্যমে অভিযুক্তদের শাস্তি নিশ্চিত করার পাশপাশি শিশু ও নারীদের প্রতি সহিংসতা ও ধর্ষণমুক্ত রাষ্ট্র প্রতিষ্ঠায় দ্রুততার সাথে সরকারের পক্ষ থেকে সমন্বিত ব্যবস্থা গ্রহণসহ সামাজিক সচেতনতা তৈরী এবং প্রতিরোধ গড়ে তোলা অত্যাবশ্যকীয় বলে দৃঢ়ভাবে বিশ্বাস করে।

Society Registration No.S-12758/05.11.2017 and NGOAB Registration No.3210/21.07.2019

Office:

Sanjher Maya

Hs No.: 15, Road 32

Dhanmondi R/A, Dhaka-1209, Bangladesh

Contact:

Tel +88-01714025073

Tel +88-01716572367

email :

msfhr9@gmail.com